

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৮.২০১৭- ১৬১

তারিখঃ ২০.০৫.২০১৮ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ মোহসিনা আহমেদ (৪১৬৮৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিংগাইর, মানিকগঞ্জ (প্রাক্তন মেডিকেল অফিসার, সংক্রামক ব্যাধি হাসপাতাল, মহাখালী, ঢাকা) গত ১২.১২.২০১২ খ্রিঃ হতে ২৮.১০.২০১৭ খ্রিঃ পর্যন্ত মোট ৪ বছর ১০ মাস ১৭ দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ১৭.১২.২০১৭ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৮.২০১৭-৪৯৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানোর নোটিসের জবাব ও ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন। তাঁর ব্যক্তিগত শুনানী সংশ্লিষ্টকর্ম না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক আনীত অভিযোগ প্রমাণিত মর্মে প্রতিবেদন দাখিল করেন;


যেহেতু, তদন্ত প্রতিবেদনের আলোকে গত ১৩.০৫.২০১৮ খ্রিঃ পূরণায় তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, ডাঃ মোহসিনা আহমেদ (৪১৬৮৮) ৪ বছর ১০ মাস ১৭ দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। অভিযুক্তের ১ম ও ২য় ব্যক্তিগত শুনানী পর্যালোচনায় দেখা যায় যে, বাবা ও বোনের আকস্মিক মৃত্যুর কারণে তিনি মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েন। এছাড়া, এই বিষয়গুলোর সাথে তাঁর স্বামীর অসহযোগিতা তাঁর সাংসারিক জীবন বিপর্যস্ত করে তোলে। এর ফলে তিনি সঠিক সময়ে কর্মস্থলে যোগদান করতে পারেননি।

সেহেতু, ডাঃ মোহসিনা আহমেদ (৪১৬৮৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিংগাইর, মানিকগঞ্জ (প্রাক্তন মেডিকেল অফিসার, সংক্রামক ব্যাধি হাসপাতাল, মহাখালী, ঢাকা) এর কারণ দর্শানোর জবাব ও কর্তৃপক্ষের নিকট প্রদত্ত ব্যক্তিগত শুনানী পর্যালোচনাস্তে মানবিক কারণে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারী কর্মচারী (শুংখলা ও আপিল), ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' (ডিজারশন) এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো এবং এ ধরনের ভুলের পুনরাবৃত্তি যাতে না ঘটে এই মর্মে সতর্ক করে দেয়া হলো। তাঁকে ভবিষ্যতে সরকারী চাকুরির নিয়মকানুন যথাযথভাবে পালনের পরামর্শ প্রদান করা হলো। তাঁর চাকুরির ধারাবাহিকতা বজায় রাখার জন্য ১২.১২.২০১২ খ্রিঃ হতে ২৮.১০.২০১৭ খ্রিঃ পর্যন্ত মোট ৪ বছর ১০ মাস ১৭ দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির সময়কালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসাবে মঞ্জুর করা হলো এবং মামলাটি মিস্পন্ডি করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(স্বঃ) সিরাজুল হক খান
সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা।

[পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শুংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।]

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৮.২০১৭- ১৬১

তারিখঃ ২০.০৫.২০১৮ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিটে সংরক্ষণ করার জন্য)।
- ৩। যুগ্মসচিব (পার-১)/(পার-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। সিভিল সার্জন, মানিকগঞ্জ।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিংগাইর, মানিকগঞ্জ।
- ৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সিংগাইর, মানিকগঞ্জ।
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। ডাঃ মোহসিনা আহমেদ (৪১৬৮৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিংগাইর, মানিকগঞ্জ (প্রাক্তন মেডিকেল অফিসার, সংক্রামক ব্যাধি হাসপাতাল, মহাখালী, ঢাকা)।


(শোমিয়া নাসরিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

disc@hds.gov.bd